গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ
নন-ট্যাক্স রেভিনিউ শাখা -২
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
website: www.mof.gov.bd

নং- ০৭.১৪৪.০৪৫.০০.০০.০৬১.২০০৮.১৪৮ তারিখঃ ০৪.১২.২০১২ খ্রিঃ

**বিষয়ঃ 'The Ship Breaking and Ship Recycling Rules-2011' এর আওতায় বিভিন্ন প্রকার ফি নির্ধারণ, কোড নম্বর প্রদান ও বাজেট অনুমোদনে অর্থ বিভাগের সম্মতি প্রদান প্রসঙ্গে।**

সূত্রঃ নং-৩৬.০৬১.০১৬.০৭.০০.০৬৫.২০১২.২৯৮; তারিখ-১৬.০৫.২০১২ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, 'The Ship Breaking and Ship Recycling Rules-2011'এ Rules 28 (a) (b) (c) -এর আওতায় যথাক্রমে শিপ রিসাইক্লিং ও ফ্যাসিলিটি প্ল্যান, শিপ জরিপ ও পরিদর্শন এবং বিচিং ও কাটিং কার্যক্রমের জন্য শিল্প মন্ত্রণালয় কর্তৃক প্রস্তাবিত সরকারের রাজস্ব আয়ে অর্ন্তভূক্ত নিম্নলিখিত ফি'সমূহ **(সারণি-ক)** নির্ধারণে অর্থ বিভাগের সম্মতি প্রদান করা হলো এবং এর মাধ্যমে আদায়কৃত অর্থ সংযুক্ত তহবিলে জমা প্রদানের নিমিত্ত সংশ্লিষ্ট কোড সৃজনের লক্ষ্যে অর্থ বিভাগের বাজেট অনুবিভাগে প্রস্তাব প্রেরণের জন্য শিল্প মন্ত্রণালয়কে অনুরোধ করা হলঃ

**সারণি - ক**

| নং | আইটেমের বিবরণ | প্রস্তাবিত ফি'র হার |
|---|---|---|
| ১ | অনাপত্তিপত্র (NOC) ফি | ৩.০০০/-(তিন হাজার) টাকা। প্রতিটি জাহাজের জন্য। |
| ২. | শিপ রিসাইক্লিং ও ফ্যাসিলিটি প্ল্যান (SRFP) ফি | ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা। প্রতিটি ইয়ার্ডের জন্য (প্রথম ৫ বছরের জন্য)। |
| | | নবায়ন ফি-৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা। পাঁচ বছর অন্তর অন্তর। |
| ৩. | বিচিং কার্যক্রম ফি | (i) বিচিং অনুমতিপত্র ফি ১০,০০০/- (দশ হাজার) টাকা প্রতিটি জাহাজের জন্য। |
| ৪. | কাটিং এর অনুমতি | ৪ (চার) টাকা প্রতি LDT-এর জন্য |
| ৫. | বিভিন্ন ধরণের নিবন্ধন ফি | (i) বিচিং মাষ্টার লাইসেন্স ফি ২৫,০০০/-(পঁচিশহাজার) টাকা এক কালিন। নবায়ন ফি ৫০০০/-(পাঁচহাজার) টাকা প্রতিবছর। |
| | | (ii) ট্রেনিং প্রদানকারী সংস্থার লাইসেন্স ফি ২৫,০০০/-(পঁচিশহাজার) টাকা ০২ (দুই) বছরের জন্য। নবায়ন ফি ৫০০০/-(পাঁচ হাজার) টাকা প্রতিবছর। |
| | | (iii) সেফটি এজেন্সির লাইসেন্স ফি ১,০০,০০০/-(এক লক্ষ) টাকা ০২ (দুই) বছরের জন্য। নবায়ন ফি ২৫,০০০/-(পঁচিশ হাজার) টাকা প্রতিবছর। |
| | | (iv) ক্যাবল ব্যবস্থাপনা প্রতিষ্ঠানের লাইসেন্স ফি ২৫,০০০/-(পঁচিশহাজার) টাকা ০২(দুই) বছরর জন্য। নবায়ন ফি ৫,০০০/-(পাঁচহাজার) টাকা প্রতিবছর। |
| | | (v) তরল বর্জ্য ব্যবস্থাপনা প্রতিষ্ঠানের লাইসন্স ফি ৫,০০,০০০/-(পাঁচলক্ষ) টাকা ০২ (দুই) বছরর জন্য। নবায়ন ফি ১০,০০০/-(দশহাজার) টাকা প্রতিবছর। |
| | | (vi) বিপদজ্জনক বর্জ্য ব্যবস্থাপনা প্রতিষ্ঠানের লাইসেন্স ফি ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা ০২ (দুই) বছরর জন্য। নবায়ন ফি ১০,০০০/-(দশহাজার) টাকা প্রতি বছর। |
| | | (vii) কন্ট্রাক্টর রেজিস্ট্রেশন ফি ২৫,০০০/- (পঁচিশহাজার) টাকা প্রতি বছর |

অঃ পৃঃ দ্রঃ

০২। শিল্প মন্ত্রণালয় কর্তৃক প্রস্তাবিত নিম্নলিখিত ফি'সমূহ **(সারণি-খ)** হতে আয়ের মাধ্যমে Building and Ship Recycling Board (SBSRB)-এর কার্যক্রম পরিচালনার ব্যয় নির্বাহ করতে হবে- এ খাতে কোন বাজেট বরাদ্দ প্রদান করা হবে না ঃ

**সারণি - খ**

| নং | আইটেমের বিবরণ | প্রস্তাবিত ফি'র হার | অর্থবরাদ্দমাধ্যম প্রস্তাব |
|---|---|---|---|
| ১. | জরিপ ও পরিদর্শন ফি | ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা প্রতিটি জাহাজের জন্য। | আদায়কৃত ফি হতে বোর্ড তার সার্ভিস চার্জ হিসেবে ৫% কেটে রেখে বাকী টাকা ভেন্ডারকে প্রদান করবে। |
| ২. | বিচিং কার্যক্রম ফি | (i) তরল বর্জ্য ব্যবস্থাপনার জন্য ১ (এক) টাকা/লিটার।<br>(ii) ক্যাবল ব্যবস্থাপনার জন্য ১ (এক) টাকা/কেজি<br>(iii) বিপদজনক বর্জ্য ব্যবস্থাপনার ফি ৩০ (ত্রিশ) টাকা/কেজি।<br>(iv) সেইফটি অফিসার সম্মানী ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা। এ খাতে সরকারী বিধি অনুযায়ী ভ্যাট/ট্যাক্স আদায়যোগ্য। | |
| ৩. | সেল্ফ প্র-পেল্ড জাহাজের -ক্ষেত্রে বিচিং মাষ্টারদের ফি | **১.সেল্ফ প্রপেল্ড জাহাজের ক্ষেত্রে ঃ**<br>• ১০,০০০ LDT পর্যন্ত ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা।<br>• ২০,০০০ LDT পর্যন্ত ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা।<br>• ২০,০০০ LDTএর অধিক হলে ৬০,০০০/- (ষাট হাজার) টাকা।<br>**২. [illegible] এর [illegible] উপরোক্ত ফি'র সাথে নিম্নে উল্লেখিত অতিরিক্ত ফি প্রদান করতে হবে :**<br>• ১০.০০০ LDT পর্যন্ত ১০,০০০/-(দশ হাজার) টাকা।<br>• ২০,০০০ LDTপর্যন্ত ১৫,০০০/-(পনের হাজার) টাকা।<br>• ২০,০০০ LDTএর অধিক হলে ২০,০০০/-(বিশ হাজার) টাকা। | |

০৩। উল্লেখ্য, ভেন্ডারগণকে পরিশোধিতব্য অর্থের পরিমাণ পূর্বেই স্থিরযোগ্য নয়। এক্ষেত্রে বরং ভেন্ডারকে প্রদেয় অর্থ স্থিরীকৃত হওয়ার পর সার্ভিস চার্জসমূহ নির্ধারণের পদক্ষেপ গ্রহণ করা যথাযথ হবে এবং SBSRB এর প্রাপ্তি ৫%-এ সীমিত না রেখে ভেন্ডারকে প্রদত্ত অর্থের অতিরিক্ত অংশ SBSRB এর আয় গণ্যকরণের বিধান রাখা যেতে পারে। তাছাড়া ভেন্ডারদের উন্মুক্ত দরপত্রের মাধ্যমে নিয়োগ করতে হবে বিধায় প্রদেয় অর্থের পরিমাণ স্বাভাবিকভাবেই দ্রুত পরিবর্তনশীল হওয়ার সম্ভাবনা রয়েছে। ফলে তা SBSRB এর আয়-ব্যয়-এর মধ্যে একটা অনিশ্চিয়তা তৈরী করবে। তাই এ ক্ষেত্রে "The Ship Breaking and Ship Recycling Rules-2011' এর বিধান অনুসারে **SBSRB** গঠন ও এর পরিচালনা পদ্ধতি নির্ধারণে বিধিমালা প্রস্তুতকালে বোর্ডের সামগ্রিক ব্যয় বিবেচনায় **সারণি-খ** এর আইটেমসমূহের ফি স্বল্পকালীন বা বার্ষিক ভিত্তিতে নির্ধারনের বিষয়টি শিল্প মন্ত্রণালয় বিবেচনায় রাখতে পারে।

০৪। অনুচ্ছেদ - ১ এর প্রস্তাবটি কার্যকর সংক্রান্ত আদেশ/পরিপত্র/প্রজ্ঞাপন-এর কপি অর্থ বিভাগের অত্র শাখায় প্রেরণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

৪-১২-১২

**( কাজী নাহিদ রসুল )**
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৫০৭৩৮।

সচিব
শিল্প মন্ত্রণালয়
৯১, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।